

# গল্পবইয়ের রাজকন্যা

Prum Kunthearo



শিশু চমনান গল্প শুনতে পছন্দ করে। তার বাবা তাকে সবসময় গল্প শোনায়। চমনান বলে, “বাবা, আমি গল্প শুনতে চাই!” তার বাবা শুরু করে: “অনেক দিন আগের কথা, এক কাঠুরে দম্পতির সাত সন্তান ছিল। সবচেয়ে ছোট সন্তানটি ছিল বুড়ো আঙুলের সমান...”



চমনান বলে, “বাবা, সে বুড়ো আঙুলের মতো ছোট কেন?” “কারণ সে খুব খায় বলে বাড় খুব কম,” তার বাবা বলে। “কেন সে এতো কম খায়?” চমনান জিজ্ঞেস করে। “কারণ তারা খুব গরীব।”




চমনান জজ্ঞিসে করে: “তাহলে তার বড় ভাইবোনেরো স্বাভাবকি কনে?” “তুমি কি এখন গল্প শুনতে চাও নাকি চাও না?” তার বাবা বলে। “হ্যাঁ চাই,” চমনান বলে, “কিন্তু আমি ভিন্ন গল্প শুনতে চাই। এই গল্প তো আমি জানি।”



তার বাবা অন্য একটি গল্প শুরু করে। “একদা হ্রদ ও পুকুর শুকিয়ে যায়। একটি কাক পানির খোঁজে বের হয়। সে একটি পাত্র দেখতে পায়। পাত্রটির অর্ধেক পানিতে পূর্ণ। কাক পাত্র থেকে পানি পান করে...”



চমনান বলে ওঠে: “তখন সেই কাক একটি একটি করে পাথর নিয়ে আসে। কিন্তু বাবা, সে কি ক্লান্ত হয়ে পড়বে না?” “তুমি কি এখন গল্প শুনতে চাও নাকি চাও না?” তার বাবা বলে। “হ্যাঁ চাই,” চমনান বলে, “কিন্তু আমি ভিন্ন গল্প শুনতে চাই। এই গল্প তো আমি জানি।”



“তুমি কি আবার গল্প বলার সময় বাঁধা দিবে?” তার বাবা জিজ্ঞেসে করে। “আমি প্রতিজ্ঞা করছি আর বাঁধা দেবো না!” চিমনান বলে।



চমনানের বাবা পুনরায় গল্পের বই খুলে অন্য একটি গল্প পড়া শুরু করে: “একদা, সূর্য এবং বাতাস বাজি ধরে—” “বাবা, সূর্য এতো গরম কেন?” চমনান জিজ্ঞেস করে।



“তুমি না বলছিলে গল্প বলার সময় বাঁধা দেবে না?” তার বাবা বলে। “আমি দুঃখিত!” চমনান বলে। “আজ রাতের জন্য এতোটুকুই থাক, পুত্র,” বাবা বলে। “আমার মনে হয় এসব গল্প সবই জানো। শুভরাত্রি!” “ঠিক আছে, বাবা,” চমনান বিষণ্ণ কন্ঠে বলে।



সে বই বুকে জড়িয়ে ঘুমিয়ে পড়ে। সেই রাতে চমনান একটি বই খোলার শব্দ শোনে। সে ব্যাপারটা দেখার জন্য উঠে বসে। চমনান নিজে নিজে বলে: “বাবা তো এই শব্দ করেনি।”



“হেলো?” চিমনান হাঁক দেয়। “কে তুমি?” “হেলো!” মেয়েটি বলে। “ছোট আঙুল।”



চমনান কৌতূহলী হবে ওঠে। “অদ্ভুত! তোমার নাম ছোট আঙুল?”
“তুমিও অদ্ভুত, আংটি আঙুল,” মেয়েটি বলে। চমনান চোখ পাকায়।
“আমার নাম আংটি আঙুল নয়!” সে বলে। “তুমি কোথা থেকে
এসেছো?” “মধ্য আঙুল,” চমনানের কথার উত্তর না দিয়ে মেয়েটি বলে।



“তুমি কেন আমার প্রশ্নের উত্তর দিচ্ছো না?” চমনান বলে।
“তর্জনি,” মেয়েটি বলে। “আঙুলের নাম দিয়ে কাজ কী?” চমনান বলে।
“তুমি কোথা থেকে এসেছো?” “বুড়ো আঙুল,” মেয়েটি বলে।



চমনানের রাগ হয়। “তুমি কেন আমার প্রশ্নের উত্তর দাও না?” সে বলে। “তুমি কি প্রশ্ন পছন্দ করো না? আমি তোমাকে বিরক্ত করতে চাই না। আমি আমার বই ফেরত চাই।” চমনান মেয়েটির কাছ থেকে তার বইটি কেড়ে নেয়।



মেয়েটি হেসে বলে: “প্রশ্ন না করার জন্য ধন্যবাদ। আমি তোমার কোনো প্রশ্নের জবাব দেইনি। আমি এক গল্পের চরিত্র।” “তুমি কেন আমার প্রশ্নের উত্তর দাওনি?” চমনান বলে। “আমি এক রাজকন্যা যে প্রশ্নের জবাব দিতে পারে না,” মেয়েটি বলে। “এই ডাইনি জাদু করে আমার উত্তর দেওয়া বন্ধ করে দিয়েছে।”



চমনান আরো কৌতূহলী হয়ে ওঠে। “কিন্তু তুমি এখন কেন উত্তর
দিচ্ছো?” সে জিজ্ঞেস করে। মেয়েটি মুচকি হেসে জবাব দেয়: “কারণ
তুমি পাঁচটির বেশি প্রশ্ন করেছো এবং জাদু প্রভাব নষ্ট করে দিয়েছো।
প্রশ্নের সংখ্যা ডাইনির হাতের আঙুলের সংখ্যার চেয়ে বেশি।”



চমনান হেসে জিজ্ঞেস করে: “তুমি কেন এখানে এসেছো?” “আমার বিরক্ত লাগছিলো,” রাজকন্যা বলে। “আমি তোমার পিতার গল্প শুনতে চাচ্ছিলাম, কিন্তু সবসময় তাকে বাঁধা দাও।” চমনান হাসে কারণ অভিযোগটি সত্য।



চমনান বই খোলে। “যদি গল্প শুনতে চাও, তবে আমি তোমাকে পড়ে শোনাবো,” সে বলে। রাজকন্যা উত্তেজিতভাবে জবাব দেয়: “সত্যি? তাহলে গল্প শোনাও!”



চমনান বুড়ো আঙুলের মতো ছোট ছেলের গল্পটি পড়া শুরু করে। সে পড়ে আর হাত নাড়ে। রাজকন্যা কান পেতে তার পড়া শোনে।



একটু পর, রাজকন্যার ঘুম ঘুম ভাব চলে আসে। "গল্পের জন্য ধন্যবাদ," সে বলে। "আমার এখন ঘুম পাচ্ছে।" "শুভরাত্রি, রাজকন্যা!" চমনান বলে। "আমারও ঘুম পেয়েছে।" চমনান ও রাজকন্যা দুজনেই ঘুমিয়ে পড়ে।



ঘুম থকেে জগেে চমনান দখেে রাজকন্যা নইে। তার বাবা ঘরে ঢোকে।
“পুত্র, তুমি কী খুঁজছো?” সে জিজ্ঞসে করে। “কিছু না, বাবা!” চমনান
বলে। “তাড়াতাড়ি পোশাক পড়ে স্কুলরে জন্য তরৈি হও!” তার বাবা বলে
।



চমনান গল্পরে বইয়রে দকিে তাকয়িে হাসে। সে নাস্তা খায়। তারপর তার বাবা তাকে স্কুলে নয়িে যায়।



সেই রাতে চমনান তার পিতাকে বলে: “বাবা, আজ রাতে আমি তোমাকে একটি গল্প বলবো।” “কী গল্প?” তার বাবা জিজ্ঞেস করে। “এক রাজকন্যার গল্প যে প্রশ্নের জবাব দিতে পারে না,” চমনান বলে। সেই রাতে তার বাবা খুব আনন্দ পায়।

Brought to you by

The Asia Foundation

Let's Read! is an initiative of The Asia Foundation's Books for Asia program that fosters young readers in Asia. booksforasia.org To read more books like this and get further information, visit letsreadasia.org .
Original Story The Storybook Princess, author: Prum Kunthearo . illustrator: Seng Visoth. Published by The Asia Foundation, https://www.letsreadasia.org © The Asia Foundation. Released under CC BY 4.0.
This work is a modified version of the original story. © The Asia Foundation, 2018. Some rights reserved. Released under CC BY 4.0.

For full terms of use and attribution, http://creativecommons.org/licenses/by/4.0/